# ইরানের ইউরেনিয়াম মজুত এখনও অক্ষত: দাবি ইসরায়েলের



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক বোমা হামলার পরও ইরানের সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত অক্ষত রয়েছে বলে জানিয়েছে ইসরায়েল। নিউইয়র্ক টাইমসের এক প্রতিবেদনে প্রকাশিত তথ্য অনুযায়ী, ইরানের হাতে এখনও বিশেষ কন্টেইনারে সংরক্ষিত বিপুল পরিমাণ সমৃদ্ধ ইউরেনিয়াম রয়েছে, যা দেশটির পারমাণবিক কর্মসূচির জন্য যথেষ্ট বলেই আশঙ্কা প্রকাশ করেছে তেলআবিব।

প্রতিবেদনে জ্যেষ্ঠ এক ইসরায়েলি কর্মকর্তার উদ্ধৃতি দিয়ে বলা হয়, মার্কিন অভিযানে ইরানের প্রায় ১৮ হাজার সেন্ট্রিফিউজের বড় একটি অংশ ধ্বংস হলেও ৬০ শতাংশ সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত অক্ষুন্ন রয়েছে। এসব ইউরেনিয়াম এমন কন্টেইনারে সংরক্ষিত, যেগুলোর ক্ষতি হয়নি এবং সেগুলো এখনো ইরানি বিজ্ঞানীদের নিয়ন্ত্রণে রয়েছে।

গত ২১ জুন ইরানের তিনটি গুরুত্বপূর্ণ পারমাণবিক স্থাপনায় ৩০ হাজার পাউন্ডের ১৪টি বাঙ্কার-ধ্বংসকারী বোমা নিক্ষেপ করে যুক্তরাষ্ট্র। অভিযানের পর যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের পক্ষ থেকে দাবি করা হয়, ইরানের পারমাণবিক কর্মসূচি অন্তত এক থেকে দুই বছর পিছিয়ে দেওয়া সম্ভব হয়েছে।

তবে বর্তমানে ভিন্নতর সুর শোনা যাচ্ছে ইসরায়েলি প্রশাসনের ভেতর থেকে। সংশ্লিষ্ট কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে নিউইয়র্ক টাইমসকে বলেন, ইরান ইতোমধ্যেই পারমাণবিক বোমা তৈরির সক্ষমতা অর্জনের পথে অনেকদূর এগিয়েছে। তিনি আরও দাবি করেন, ১০ মাস আগে হিজবুল্লাহ নেতা হাসান নাসরাল্লাহর মৃত্যুর পর থেকেই ইরান পারমাণবিক অস্ত্র নির্মাণের প্রস্তুতি শুরু করে—যার স্পষ্ট প্রমাণ ইসরায়েলের কাছে ছিল এবং তা যুক্তরাষ্ট্রকেও জানানো হয়।